

## উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

স্থানঃ-ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখঃ- ০৬.০২.২০২২ খ্রিঃ, সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

অদ্য ০৬.০২.২০২২ তারিখ ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক” দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করেন।

### আলোচ্যসূচীঃ-

- ১। প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন সংক্রান্ত।
- ২। ৫-১০ বছর বয়সি সকল ছেলে-মেয়েকে বিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা গ্রহণ।
- ৩। মধ্যারচর, শরীফপুর, বাঘানগর, গাজীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট।
- ৪। উলুকান্দী ও দক্ষিণপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের ছাদ ঝুঁকিপূর্ণ।
- ৫। চন্ডিবরদী, বাগেরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে টয়লেট নির্মাণ।
- ৬। ইদবারদী, বল্লভদী, রাইনাদী-আতাদী, তিলচন্দী, লক্ষরদী, বাগেরপাড়া, দয়াকান্দা, দড়িবিশন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বেধঃ নির্মাণ সংক্রান্ত।
- ৭। বিবিধ।

### ১ ও ২ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, কিভাবে প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন করা যায় এবং ৫-১০ বছর বয়সী বালক/বালিকাদের বিদ্যালয়ে ভর্তি করা যায়। সে আলোকে ভাইস চেয়ারম্যান মহোদয় ও রফিকুল ইসলাম মানিক সাহেবের ব্যাপক আলাপ-আলোচনার মাধ্যমে কিছু ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা হয় এবং উপজেলা শিক্ষা অফিসারকে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হয়। যেমন- বিদ্যালয় পরিদর্শন, শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের সমন্বয়ে তাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন ও সচেতন করে তোলা ইত্যাদী।

### ৩ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-

এক্ষেত্রে যে সকল বিদ্যালয়ে মাটি ভরাট একান্ত প্রয়োজন, সেক্ষেত্রে প্রয়োজনীয় বিদ্যালয়ে অধ্যক্ষ/অধ্যক্ষের উপস্থিতিতে মাটি ভরাটের ব্যবস্থাকরণ। নিম্নে ছক আকারে দেখানো হলো-

ক্রমিক নং	বিদ্যালয়ের নাম	ইউনিয়ন/পৌরসভার নাম	মন্তব্য
১	২০নং মধ্যারচর সরকারী প্রাথমিক বিদ্যালয়	কালাপাহাড়িয়া	
২	শরীফপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়	বিশনন্দী	
৩	বাঘানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়	আড়াইহাজার পৌরসভা	
৪	৮৯নং গাজীপুরা সরকারী প্রাথমিক বিদ্যালয়	বিশনন্দী	

### ৪ নং আলোচনা ও সিদ্ধান্তঃ-